

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ এপ্রিল ২০২৩খ্রি.

চসিকের উদ্যোগে নগরীতে ঈদুল ফিতরের প্রধান ও প্রথম জামায়াত অনুষ্ঠিত হয়
জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ ময়দানে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়োজনে গতকাল শনিবার নগরীতে পবিত্র ঈদ-উল-ফিতরের প্রধান ও প্রথম জামায়াত অনুষ্ঠিত হয় জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ ময়দানে। সকাল ৮টা প্রথম ও প্রধান জামাত এবং ৯ টায় দ্বিতীয় জামাত অনুষ্ঠিত হয়। উক্ত ঈদ জামায়াতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী, এমপি, রাজনৈতিক, ব্যবসায়ী, সরকারের উচ্চ পদস্থ কর্মকর্তাসহ নগরীর বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ সাধারণ জনগন অংশ নেন। নগরীদের শান্তিপূর্ণভাবে ঈদের নামাজ আদায়ে জামাতের সার্বিক প্রস্তুতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। তিনি পারিবারিক ঐতিহ্য অনুযায়ী বহুদার বাড়ি পারিবারিক মসজিদে ঈদের নামাজ আদায় করেন।

এছাড়া লালদীঘি চট্টগ্রাম সিটি কর্পোরেশন শাহী জামে মসজিদে ঈদ জামাত অনুষ্ঠিত হয় সকাল ৮ টায়, হযরত শেখ ফরিদ (রঃ) চশমা ঈদগাহ মসজিদ, সুগন্ধা আবাসিক এলাকা জামে মসজিদ, চকবাজার সিটি কর্পোরেশন জামে মসজিদ, জহুর হকার্স মার্কেট জামে মসজিদ, দক্ষিণ খুলশী (ভিআইপি) আবাসিক এলাকা জামে মসজিদ, আরেফীন নগর কেন্দ্রীয় কবরস্থান জামে মসজিদ, সাগরিকা গুরুবাজার জামে মসজিদ ও মা আয়েশা সিদ্দিকী চসিক জামে মসজিদ (সাগরিকা জহুর আহমদ চৌধুরী স্টেডিয়াম সংলগ্ন) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে সকাল ৮টায় ঈদ জামায়াত অনুষ্ঠিত হয়। এবং নগরীর ৪১টি ওয়ার্ডে ওয়ার্ড কাউন্সিলরগণের তত্ত্বাবধানে একটি করে প্রধান ঈদ জামাত স্ব স্ব মসজিদ ঈদগাহে অনুষ্ঠিত হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮